গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**১০৮ তম ল্যাব মিটিং**

কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
www.qclabdls.portal.gov.bd

**কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব), প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা এর ১০৮ তম ল্যাব মিটিং এর কার্যবিবরণী-**

**সভার স্থান** ঃ কনফারেন্স রুম, কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
**তারিখ** ঃ ০২/০৫/২০২৩ খ্রিঃ
**সময়** ঃ সকাল ৯.৩০ ঘটিকা
**সভাপতি** ঃ সিনিয়র সায়েন্টিফিক অফিসার, কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
**উপস্থিত সদস্যবৃন্দ** ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | নবীন কর্মচারীদের কাজের অগ্রগতি। | **আলোচনাঃ** উক্ত বিষয়ে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাদের নিকট জানতে চাওয়া হয়। কর্মকর্তাগন জানান যে, নবীন কর্মচারীদের কাজের অগ্রগতি সন্তোষজনক, তবে তাদের আরও প্রশিক্ষণ প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ** সুবিধাজনক সময়ে নবীন কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ড. মোঃ জাহাঙ্গীর হোসেন, ইউএলও |
| ২. | নবীন কর্মচারীদের আইডি কার্ড। | **আলোচনাঃ** এসএসও মহোদয় জানান যে, নবীন কর্মচারীদেরকে আইডি কার্ড প্রদান করা প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ** নবীন কর্মচারীদেরকে দ্রুততম সময়ে আইডি কার্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ড. মোঃ আল-আমীন, এসএসও |
| ৩. | ল্যাবের কার্যক্রম জোরদার করার জন্য লোকবল বৃদ্ধি। | **আলোচনাঃ** এসএসও মহোদয় জানান যে, নতুন করে লোক নিয়োগ সম্ভব নয়। বিদ্যমান লোকবল হতে ল্যাবের অভ্যন্তরে কাজের জন্য লোকবল রি-এলোকেট (re-allocate) করা যেতে পারে।<br>**সিদ্ধান্তঃ** সিকিউরিটি গার্ড জনাব এরশাদুর রহমানকে ফিড কোয়ালিটি শাখা এবং ড্রাইভার জনাব মোঃ তরিকুল ইসলামকে রেসিডিউ এন্ড বায়োলজিক্স শাখার কাজে, এবং ড্রাইভার জনাব নান্না শেখকে সিকিউরিটি গার্ডের কাজে নিয়োজিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ড. মোঃ আল-আমীন, এসএসও |
| ৪. | ল্যাব ম্যানেজমেন্ট | **আলোচনাঃ** এসএসও মহোদয় জানান যে, লোকবল পরিবর্তন হওয়ার জন্য ল্যাব ম্যানেজমেন্ট এর কিছু জায়গায় পরিবর্তন আনার প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ** বিভিন্ন শাখায় প্রবেশিধিকার সম্বলিত নামের তালিকা পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া কর্মকর্তাদের প্রশিক্ষণের চাহিদার তালিকা কোয়ালিটি এস্যুরেন্স ম্যানেজার বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ড. মোঃ জাহাঙ্গীর হোসেন, ইউএলও<br>ও<br>সকল কর্মকর্তা |
| ৫. | নতুন মেথড ভেরিফেকেশন/ভেলিডেশন | **আলোচনাঃ** এসএসও মহোদয় জানান যে, ল্যাবে এক্রিডিটেশন স্কোপ বৃদ্ধির জন্য প্রতিটি শাখায় নতুন নতুন মেথড ভেরিফেকেশন/ভেলিডেশন করা প্রয়োজন। | ডাঃ মোঃ মিজানুর রহমান, ইউএলও, |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্তঃ** মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখায় পিটি সম্পন্ন থাকায় টিএবিসি মেথডটির ভেরিফেকেশন মে/২০২৩ এর মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখা |
| ৬. | প্রফিসিয়েন্সি টেষ্ট | **আলোচনাঃ** ল্যাবের কোন শাখায় কোন টেষ্ট মেথডের জন্য প্রফিসিয়েন্সি টেষ্ট প্রয়োজন আছে কি-না সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। রেসিডিউ এন্ড বায়োলজিক্স শাখার কর্মকর্তগন জানান যে, টেট্রাসাইক্লিন ডিটেকশনের জন্য প্রফিসিয়েন্সি টেষ্ট এ অংশগ্রহণের প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ** পর্ক এ টেট্রাসাইক্লিন ডিটেকশনের জন্য প্রফিসিয়েন্সি টেষ্ট এ অংশগ্রহণের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ড. মোঃ জাহাঙ্গীর হোসেন, ইউএলও;<br>ডাঃ এসএম শরিফুল ইসলাম, ইউএলও;<br>ও<br>ড. মোঃ আল-আমীন, এসএসও |
| ৭. | MALDI TOF Machine নষ্ট থাকায় বিকল্প পদ্ধতিতে Salmonella সহ অন্যান্য ব্যাকটেরিয়া সনাক্তকরণের ফলাফল প্রদান। | **আলোচনাঃ** ডাঃ মোঃ মিজানুর রহমান, ইউএলও, মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখা জানান যে, বর্তমানে যান্ত্রিক ত্রুটির কারণে অত্র শাখায় MALDI TOF Machine নষ্ট আছে। মেশিনটি অত্যাধুনিক ও জটিল হওয়ায় কি ধরণের সমস্যা হয়েছে ও মেশিনটির প্রয়োজনীয় সার্ভিসিং সাপ্লায়ার প্রতিষ্ঠান (Diamed) প্রদান করতে পারছেন না। মেশিনটি নষ্ট থাকায় বিকল্প আরেকটি কনফার্মেটিভ পদ্ধতি Real Time PCR ব্যবহার করে Salmonella সহ অন্যান্য ব্যাকটেরিয়া সনাক্তকরণের ফলাফল প্রদান করা হচ্ছে।<br>**সিদ্ধান্তঃ** ১) MALDI TOF মেশিনটির সাপ্লায়ার প্রতিষ্ঠান (Diamed) হতে দ্রুত সার্ভিস রিপোর্ট গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>২) বিকল্প আরেকটি কনফার্মেটিভ পদ্ধতি Real Time PCR ব্যবহার করে Salmonella সহ অন্যান্য ব্যাকটেরিয়া সনাক্তকরণের ফলাফল প্রদান করার বিষয়টি সেবা গ্রহীতাগনকে ওয়েবসাইটে প্রদর্শন ও ব্যক্তিগতভাবে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়<br>৩) বিষয়টি বিস্তারিতভাবে উর্দ্ধোতন কর্তৃপক্ষকে জানানোর জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | ড. মোঃ আল-আমীন, এসএসও;<br>ডাঃ মোঃ মিজানুর রহমান, ইউএলও;<br>ও<br>জনাব সুমন কাজী, পাম্প ও জেনারেটর অপারেটর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০৫/২০২৩
(ড. মোঃ আল-আমীন)
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস
(কিউসি ল্যাব), ডিএলএস, সাভার, ঢাকা ।

**অনুলিপি-**

১-৬. সকল কর্মকর্তা । জ্ঞাতার্থে ও কার্যার্থে।
৭. জনাব সুমন কাজী, পাম্প ও জেনারেটর অপারেটর। সকল কর্মচারীকে অবহিত করার জন্য বলা হলো।
৮. অফিস কপি।